



STATE FISHERY OFFICERS' ASSOCIATION, WEST BENGAL
(Registration No-SO20 1220)

PASCHIM BANGA RAJYA SARKARI KARMACHARI FEDERATION
Head Office: BENFISH Building, (3rd Floor), Kolkata-91
Website: sfoawb.org e-mail: sfoawbcolotola@gmail.com

Ref. No.: SFOAWB/RDF/058

Date: 9th November, 2020

প্রতি,

মাননীয় মৎস্য অধিকর্তা, পশ্চিমবঙ্গ।

মীনভবন, ৩১, জি.এন. ব্লক, সেক্টর ৫, সল্ট লেক সিটি, কোলকাতা-৯১।

বিষয়: মৎস্য দপ্তরের পুনর্গঠন অবিলম্বে সম্পন্ন করার জন্য ডেপুটেশন

মহাশয়া,

আপনার অবগতির জন্য জানাই, পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশনের অন্তর্গত মৎস্য দপ্তরের সকল স্তরের আধিকারিকদের নিয়ে গঠিত একমাত্র সংগঠন 'স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল' জননেত্রী মমতা ব্যানার্জীর মতাদর্শকে হৃদয়ে রেখে মাননীয় মৎস্যমন্ত্রী চন্দ্রনাথ সিংহের পথ-নির্দেশিকায় মৎস্য দপ্তরের সকল উন্নয়নমূলক কাজের একনিষ্ঠ সৈনিকের ভূমিকা পালন করে চলেছে।

মহাশয়া, মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় কর্তৃক ২০১৩ সালে গঠিত স্পেশাল টাস্ক ফোর্স অন ফিসারীজ এর সুপারিশ মোতাবেক মৎস্য দপ্তরের দুর্বল সম্প্রসারণ পরিকাঠামোয় বদল এনে রাজ্যের কৃষি ও প্রাণী সম্পদ দপ্তরের সমতুল পরিকাঠামো গড়ে তোলার মাধ্যমে রাজ্যের মৎস্য দপ্তরের সার্বিক উন্নয়নের পাশাপাশি মাছ উৎপাদনে দেশের সেরার মুকুট পুনরুদ্ধার করা।

দুর্ভাগ্যের বিষয় সাত বছরের বেশি সময় চলে গেলেও এখনো দপ্তরের পুনর্গঠন সম্পন্ন হলো না ফলে দপ্তরের আধিকারিকদের স্বার্থ বিঘ্নিত হওয়ার পাশাপাশি রাজ্যের লক্ষ-লক্ষ মৎস্যজীবী/মাছ চাষীরাও ক্ষতিগ্রস্ত হচ্ছেন। মাছ উৎপাদনে দেশের বিভিন্ন রাজ্যের বাৎসরিক বৃদ্ধির হারে আমরা পিছিয়ে পড়ছি যা আর কোনোমতেই হতে দেওয়া যাবেনা।

এই অবস্থায়, মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়র প্রয়াসকে সাফল্যমন্ডিত করতে ও রাজ্যে নীল বিপ্লব এর সার্থক রূপায়নে মৎস্য দপ্তরের পুনর্গঠন প্রস্তাব যাতে অতি দ্রুত বাস্তবায়িত হয় সেই লক্ষ্যে আগামী ১৩ই নভেম্বর দুপুর ২ টায় আমাদের প্রিয় সংগঠনের পক্ষ থেকে একটি ডেপুটেশন দেওয়া হবে।

আশাকরি, উক্ত ডেপুটেশন গ্রহন করে আপনি অতি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেন।

ধন্যবাদ সহ,

আপনার বিশ্বস্ত,

সাধারণ সম্পাদক

স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল

Date: 9th November, 2020

Ref. No.: SFOAWB/RDF/058/1(3)

উপস্থিত থাকার জন্য অনুরোধ জানিয়ে প্রতিলিপি প্রেরিত হলো:-

১. মাননীয় সদস্যবৃন্দ, সম্পাদকমন্ডলী, স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, পশ্চিমবঙ্গ।
২. মাননীয় সদস্যবৃন্দ, কেন্দ্রীয় কমিটি, স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, পশ্চিমবঙ্গ।
৩. মাননীয় জেলা/ইউনিট সম্পাদক (সকল), স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, পশ্চিমবঙ্গ।

(শ্রী দেবশীষ হালদার)

সাধারণ সম্পাদক

স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল